

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব ও কাউন্সিল অফিসার জনাব মোঃ আবদুস ছাত্তার ১৯৬৩ সনে নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাধীন রামসিদ্ধ গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মোঃ ইদ্রিছ আলী ফকীর ও মাতার নাম আয়তুল্লাহা। তিনি তেলিগাতি বি.এন.এইচ. কে একাডেমি, নেত্রকোণা থেকে এসএসসি, আনন্দ মোহন বিশ্ববিদ্যালয় কলেজ, ময়মনসিংহ থেকে এইচএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি সাহিত্যে ১৯৮৪ সনে (১৯৮৬ সালে অনুষ্ঠিত) সম্মান এবং ১৯৮৫ সনে (১৯৮৮ সালে অনুষ্ঠিত) মাস্টার্স ডিগ্রি লাভ করেন।

বিশ্ববিদ্যালয়ে শিক্ষাশেষে তিনি রংপুর ক্যাডেট কলেজে ইংরেজি বিভাগে প্রভাষক পদে ১৯৯৯ সনে যোগ দেন। তিনি নবম বিসিএস পরীক্ষায় (১৯৮৮/১৯৯৯ সনে অনুষ্ঠিত) অংশগ্রহণ করে বিসিএস (ডাক) ক্যাডারে সহকারি পোস্ট মাস্টার জেনারেল পদে ১৯৯১ সালের ২৬ জানুয়ারি যোগদান করেন এবং বুনিয়াদি প্রশিক্ষণ ও বিভাগীয় প্রশিক্ষণশেষে বাংলাদেশ ডাক বিভাগের পাবনা প্রধান ডাকঘর, ঢাকা সদর প্রধান ডাকঘর, সহকারি পোস্টমাস্টার জেনারেল (সংস্থাপন), সহকারি পোস্টমাস্টার জেনারেল (স্টাফ), কেন্দ্রীয় সার্কেল, ঢাকা এবং শাখা কর্মকর্তা (স্টাফ) ডাক অধিদপ্তর, ঢাকা পদে সফলতার সাথে দায়িত্ব পালন করেন। তিনি ২০০০ সনের ৩ মে ডেপুটি পোস্টমাস্টার জেনারেল পদে পদোন্নতি পান এবং ফরেন পোস্ট, ঢাকা, জামালপুর বিভাগ ও ঢাকা বিভাগে দায়িত্ব পালন করেন। ২০০৭ সনে অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল পদে পদোন্নতি পেয়ে কেন্দ্রীয় সার্কেল, ঢাকায় দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ আবদুস ছাত্তার ২০১০ সনে উপসচিব পদে পদোন্নতি পেয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। ২০১৬ সনের ১৩ এপ্রিল নৌপরিবহন মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি ম্যাট-২, এসিএডি এবং জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমি, ঢাকা থেকে প্রকল্প পরিকল্পনা, উন্নয়ন ও ব্যবস্থাপনা কোর্স সম্পন্ন করেন। জাতিসংঘের অঙ্গসংগঠন ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়নের তত্ত্বাবধানে কোয়ালিটি অডিটিংয়ে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে কোয়ালিটি অডিটরের সনদপ্রাপ্ত হন এবং ২০০৯ সনে শ্রীলংকা ডাক বিভাগ নিরীক্ষা করে বিশ্ব ডাক সংস্থায় নিরীক্ষা প্রতিবেদন দাখিল করেন।

তিনি সরকারি বিভিন্ন পদে দায়িত্ব পালনকালীন প্রশিক্ষণ গ্রহণ ও প্রতিনিধি দলের দলনেতা/সদস্য হিসেবে পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ভ্রমণকৃত দেশগুলো- মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, ভারত, মঞ্জোলিয়া, ফিলিপাইন, মালদ্বীপ ও শ্রীলংকা। সরকারি দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক কাজেও তিনি নিবেদিত। তিনি ঢাকাস্থ আটপাড়া উপজেলা সমিতির প্রাক্তন মহাসচিব এবং নেত্রকোণা জেলা সমন্বয় পরিষদের যুগ্মমহাসচিব।

তিনি বিবাহিত এবং দুই পুত্র সন্তানের জনক। বড় ছেলে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আর্কিটেকচার বিভাগ এবং ছোট ছেলে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে নবম শ্রেণিতে অধ্যয়নরত। তাঁর স্ত্রীর নাম নাহরিন সুলতানা, পোস্ট অফিস হাই স্কুল, মতিঝিল, ঢাকার প্রধানশিক্ষক।